# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ **১৯৯২**

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - সওম পর্বের বিক্ষিপ্ত মাস্‌আলাহ্‌

আরবী

وَعَنْ زَيْدِ بْنِ خَالِدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «من فَطَّرَ صَائِمًا أَوْ جَهَّزَ غَازِيًا فَلَهُ مِثْلُ أَجْرِهِ» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ وَمُحْيِي السّنة فِي شرح السّنة وَقَالَ صَحِيح

বাংলা

১৯৯২-[১১] যায়দ ইবনু খালিদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি সায়িমকে ইফতার করাবে অথবা কোন গাযীর আসবাবপত্র ঠিক করে দেবে সে তাদের (সায়িম ও গাযীর) সমপরিমাণ সাওয়াব পাবে। (বায়হাক্বী- শু’আবূল ঈমান-এ আর মুহয়্যিইউস্ সুন্নাহ্- শারহে সুন্নাহ্’য় এ হাদীসটি বর্ণনা করেছেন এবং বলেছেন হাদীসটি সহীহ)[1]

ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি সায়িমকে ইফতার করাবে, অর্থাৎ যে ব্যক্তি সায়িমকে ইফতারের সময় খাবার খাওয়াবে, আর যে ব্যক্তি মুজাহিদের যাবতীয় প্রয়োজন মিটাবে তথা অস্ত্র ঘোড়া এবং সফরের পাথেয় ইত্যাদির ব্যবস্থা করবে তার জন্য ঐ সায়িম ও মুজাহিদের সমপরিমাণ সাওয়াব রয়েছে। কেননা এ দ্বারা সৎকাজ ও আল্লাহ ভীতির কাজে সহযোগিতা করা হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56552

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন